হুয়াওয়ের ‘সিডস ফর দ্য ফিউচার’ কর্মসূচি উদ্বোধন

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, অনেক বিদেশি প্রযুক্তি কোম্পানি বাংলাদেশে ব্যবসা করছে। কিন্তু খুব কম প্রতিষ্ঠানই শুধুমাত্র ব্যবসার তাগাদা থেকে বেরিয়ে এসে আমাদের তরুণদের, আমাদের পরবর্তী প্রজন্মকে দক্ষ হতে সহায়তা করছে। হুয়াওয়ে এক্ষেত্রে অন্যদের থেকে আলদা হয়ে তরুণদের উন্নয়নে কাজ করে যাচ্ছে।

হুয়াওয়ের ফ্ল্যাগশিপ প্রোগ্রাম ‘সিডস ফর দ্য ফিউচার ২০২২, বাংলাদেশ’ -এর উদ্বোধনী অনুষ্ঠানে গত রোববার রাজধানীর একটি হোটেলে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকায় চীনা দূতাবাসের কালচারাল কাউন্সেলর ইউ লিউয়েন, হুয়াওয়ে বাংলাদেশ (টেকনোলজিস) লিমিটেডের সিইও প্যান জুনফেং এবং হুয়াওয়ে বাংলাদেশের বোর্ড মেম্বার জেসন লি জংশেং, অধ্যাপক আল মামুন, অধ্যাপক ফজলে এলাহী প্রমুখ।

অনুষ্ঠানে জানানো হয়, আইসিটি বিষয়ে আগ্রহী দেশের সকল শিক্ষার্থীদের আরও আগ্রহী করে তুলতে এবং এই শিল্পখাত সম্পর্কে সম্যক ধারণা দিতে বাংলাদেশে ২০১৪ সাল থেকে প্রতি বছর হুয়াওয়ে এই প্রোগ্রামটি আয়োজন করে থাকে। এই বছর নয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই প্রোগ্রামে অংশ নিচ্ছে এবং সর্বশেষ বিজয়ীরা পরবর্তী পর্যায়ে বিভিন্ন দেশের অন্যান্য বিজয়ীদের সাথে গ্লোবাল প্ল্যাটফর্মে অংশগ্রহণ করবে। এর মাঝে তারা হুয়াওয়ের একটি গ্লোবাল ট্রেনিংয়েও অংশ নেবে।

হোয়াটসঅ্যাপ গ্রুপে নতুন

ফিচার

মেটার মালিকানাধীন মেসেজিং প্লাটফরম হোয়াটসঅ্যাপে ‘কমিউনিটিস’ নামের নতুন একটি ফিচার আসতে যাচ্ছে। এ ফিচার দিয়ে স্কুল এবং অফিসের মতো বড় গ্রুপ কার্যক্রম চালানো আরও সহজ হবে বলে ধারণা করছে প্রতিষ্ঠানটি।

নতুন এ ফিচার পরীক্ষা করার ঘোষণা এসেছে বৃহস্পতিবার। ফিচারটি সেসব গ্রুপকে একসঙ্গে আনবে, যেগুলোতে সর্বোচ্চ ২৫৬ জন ব্যবহারকারী রয়েছেন। ফলে, অ্যাডমিন অসংখ্য ব্যবহারকারীর একটি গ্রুপকেও সহজে সতর্কবার্তা পাঠাতে পারবে বলে জানিয়েছেন হোয়াটসঅ্যাপ প্রধান উইল ক্যাথকার্ট। ‘এটি আসলে সেই গ্রুপগুলোকে ভিত্তি করে তৈরি, যেসব গ্রুপ এরই মধ্যে আপনার জীবনের অংশ এবং আপনি যাদের সঙ্গে ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করছেন।’-রয়টার্সের সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন ক্যাথকার্ট।

সেলসফোর্স-মালিকানাধীন ‘স্ল্যাক’ অথবা ‘মাইক্রোসফট টিমস’-এর মতো যোগাযোগ মাধ্যমকে ফিচারটির তুলনা হিসাবে উল্লেখ করেছেন তিনি। নতুন ফিচারটি থেকে অর্থ আয়ের কোনো পরিকল্পনা ‘আপাতত নেই’ বলে জানিয়েছেন তিনি। ফিচারটির ‘বেটা’ পরীক্ষা হয়েছে হাতেগোনা কয়েকটি বৈশ্বিক গ্রুপের ওপর। তবে ভবিষ্যতে ‘প্রিমিয়াম ফিচার’ আসার সম্ভাবনা একেবারে উড়িয়ে দেননি তিনি।

‘এন্ড-টু-এন্ড’ এনক্রিপ্ট করা এ মেসেজিং সেবায় প্রায় ২০০ কোটি ব্যবহারকারী রয়েছেন। কমিউনিটিস ফিচারটিও এন্ড-টু-এন্ড এনক্রিপ্ট করা থাকবে বলে জানিয়েছে প্রতিষ্ঠানটি।

ফিলিস্তিনিদের নিয়ে পোস্ট: মার্কিন সুপার মডেলের

ইনস্টাগ্রাম বন্ধ

মার্কিন সুপার মডেল বেল্লা হাদিদ জানিয়েছেন, ফিলিস্তিনিদের ওপর ইসরাইলিদের বর্বরতা নিয়ে পোস্ট দেওয়ায় তার অ্যাকাউন্ট বন্ধ করে দিয়েছে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রাম।

ফিলিস্তিন বংশোদ্ভূত এ সুপার মডেল বলেন, আমার যে কোনো পোস্ট ১০ লাখ ফলোয়ার দেখেন।

পবিত্র আল-আকসায় অবৈধ ইহুদি বসতকারী ও ইসরাইলি সেনারা ফিলিস্তিনিদের ওপর যে বর্বরোচিত হামলা চালিয়েছে তা নিয়ে একটি পোস্ট দেওয়ার সঙ্গে সঙ্গে আমার অ্যাকাউন্টটি ডিসঅ্যাবল হয়ে যায়। খবর আনাদোলুর।
ফ্যাশন ম্যাগাজিন হারপার্স বাজারকে দেওয়া এক সাক্ষাৎকারে সুপার মডেল বেল্লা হাদিদ তার ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট বন্ধের কথা জানান।

গত শুক্রবার জেরুজালেমে পবিত্র আল-আকসা মসজিদে মুসল্লিদের ওপর নির্বিচারে হামলা শুরু করে ইসরাইলি বাহিনী।এতে নারী-শিশুসহ শতাধিক ফিলিস্তিনি আহত হন এবং অসংখ্য নিরপরাধ মুসল্লিকে গ্রেফতার করে নিয়ে যায় ইসরাইলি পুলিশ।

রোববার ইসরাইলি বাহিনীর ছত্রছায়ায় আল-আকসায় প্রবেশ করে জেরুজালেমে অবৈধ ইহুদি বসতিগুলোর সাত শতাধিক বাসিন্দা। ১৯৬৭ সালে আরব-ইসরাইল যুদ্ধের পর পূর্ব জেরুজালেম দখল করে নেয় ইসরাইল। আল-আকসা পূর্ব জেরুজালেমে অবস্থিত। ১৯৮০ সালে দখলদার ইসরাইলিরা জেরুজালেম দখল করে নেয়।

শিক্ষকদের সোশ্যাল মিডিয়া হ্যান্ডলে নজর রাখবে সরকার

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় থাকা সব অফিসের কর্মকর্তা- কর্মচারী ও বিদ্যালয়ের শিক্ষকদের ফেসবুকসহ বিভিন্ন সোশ্যাল

মিডিয়া হ্যান্ডলে নজরে আসছে।

বিভিন্ন সময়ে বিতর্কিত কর্মকাণ্ডের প্রেক্ষাপটে সৃষ্ট অস্থিরতা রোধে এই ব্যবস্থা নিচ্ছে সরকার।

এজন্য অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় ও উপজেলা পর্যায়ে ২৭ সদস্যবিশিষ্ট চারটি কমিটি গঠন করা হয়েছে।

পাশাপাশি ‘সোশ্যাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন’ নামে আরেকটি কমিটিও গঠন করা হয়েছে। এ কমিটির কাছে ওই চারটি কমিটি প্রতিবেদন ও সুপারিশ পাঠাবে বলে জানা গেছে।

রোববার রাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) হামিদুল হকের স্বাক্ষরিত কমিটি গঠনসংক্রান্ত এক অফিস আদেশ থেকে এসব তথ্য জানা গেছে।

অফিস আদেশে বলা হয়েছে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রকাশিত ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯’ অনুসরণ করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি কর্মকর্তা-কর্মচারী ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কার্যক্রম পর্যবেক্ষণ ও মনিটরিং করবে।

কমিটি মাসে একবার সভা করে উপজেলা, জেলা, বিভাগীয় পর্যায়ের উল্লেখযোগ্য বিষয় চিহ্নিত করে প্রতিবেদন ‘সোশ্যাল মিডিয়া তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উপস্থাপন’ কমিটির কাছে উপস্থাপন করবে এবং কমিটি চাইলে বিধি অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

মন্ত্রিপরিষদের নির্দেশনার আলোকে এর আগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শিক্ষকদের সোশাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে কিছু নির্দেশনা দিয়েছিল।

ওয়েবপেজের মধ্যে নির্দিষ্ট

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] CTRL+F [redacted]

[redacted]

[redacted] CTRL+F [redacted]

---

# [redacted] ‘[redacted]’

[redacted] ‘[redacted]’ [redacted]

ব্লু এবং গ্রিন- এই দুই কালারে স্মার্টফোনটি পাওয়া যাবে আকর্ষণীয় বান্ডেল অফার সহ মাত্র ৭ হাজার ৫৯৯ টাকায়। ফোনটিতে অপারেটিং সিস্টেম থাকছে অ্যান্ড্রয়েড-১১ এর গো এডিশন। ২০:৯ এ্যাসপেক্ট রেশিও’র এই হ্যান্ডসেটটিতে আছে ৬.০৯ ইঞ্চি ভি নচ ডিসপ্লে যার রেজুলেশন এইচডি প্লাস (৭২০*১৫৬০) ।

২.০ গিগাহার্জ এর পাওয়ারফুল ১২ ন্যানোমিটার প্রসেসর ও ইউনিসক এর টাইগার সিরিজের গেমিং চিপসেট টি৩১০ এর সাথে জিপিউ হিসেবে আছে পাওয়ার ভিআর জিই৮৩০০ এবং ডিডিআর ফোর ভার্সন র্যাম যার ফলে মিড হাই ডিমান্ডিং গেম গুলো খেলা যাবে স্বাচ্ছন্দে।

আই৮০ হ্যান্ডসেটটিতে আছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সমৃদ্ধ ডুয়াল রিয়ার ক্যামেরা। ৮ মেগাপিক্সেল মেইন শুটার যার এ্যাপারচার ২.০ এবং ২ মেগাপিক্সেল এর ডেপথ সেন্সর।

মেইন শুটারে ২.০ এ্যাপারচার থাকার কারনে ছবি হবে অনেক বেশি নিখুঁত এবং প্রাণবন্ত। সেলফি তোলার জন্য এই স্মার্টফোনটিতে আছে ডিসপ্লে ফ্ল্যাশ সমৃদ্ধ ৮ মেগাপিক্সেল এর ফ্রন্ট ক্যামেরা যার এ্যাপারচার ২.০। ক্যামেরা সেন্সর হিসেবে স্যামসাং সেন্সর ব্যবহার করা হয়েছে।

ক্যামেরা ফিচারের উল্যেখযোগ্য ফিচার গুলো হলো – এআই, পোট্রেইট মোড, প্যানোরামা, স্লো-মো, ওয়াটার মার্ক, এ্যানহ্যান্স লো লাইট ফটো, স্লো মোশন, বার্স্ট, কিউ আর কোড, ফেইস বিউটি, টাইম ল্যাপস, ইন্টার্ভাল, এইচ ডি আর, ফ্ল্যাশ লাইট, অডিও নোট ইত্যাদি।

সিম্ফনির নতুন এই স্মার্টফোনটিতে আছে ২জিবি ডিডিআর ফোর র্যাম এবং ৩২জিবি ইন্টারনাল স্টোরেজ যা মেমোরি কার্ড এর মাধ্যমে ৬৪ জিবি পর্যন্ত বাড়ানো যাবে। গেমিং বা মাল্টিটাস্কিং এর সময়ও চিন্তা করতে হবে না ব্যাটারির চার্জ নিয়ে কারণ ৮.৯৫ মিলিমিটার পুরু হ্যান্ডসেটটিতে পাওয়ারে আছে ৩৪৫০ এমএএইচ লি-পলিমার ব্যাটারি যা দিয়ে নর্মাল ব্যবহারে অনায়াসে দিন পার হয়ে যাবে।

স্মার্টফোনটিতে মাল্টিফাংশন ফিঙ্গারপ্রিন্ট সেন্সর ছাড়াও আছে-গ্রাভিটি, লাইট এবং প্রক্সিমিটি সেন্সরের মতো গুরুত্বপূর্ণ ফিচার।

‘সিম্ফনি আই৮০’-এর আরো কিছু উল্লেখযোগ্য ফিচার হলো ডিজিটাল

ওয়েলবিয়িং, স্মার্ট কন্ট্রোল, আই কম্ফোর্ট, ডু নট ডিস্টার্ব, ডার্ক থিম শিডিউলার এবং স্ক্রিন রেকর্ডার।

স্যাটেলাইট ব্রডব্যান্ড সেবায় আসছে অ্যামাজন

ইলন মাস্কের প্রতিষ্ঠান স্টারলিংককে টক্কর দিতে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা নিয়ে আসছে জেফ বেজসের অ্যামাজন ইনকরপোরেশন। বিশ্বব্যাপী দ্রুত ইন্টারনেট-সেবা নিশ্চিত করতে মহাকাশে ৩ হাজার স্যাটেলাইট উৎক্ষেপণ করবে টেক জায়ান্টটি। এ জন্য সম্প্রতি তিনটি রকেট কোম্পানির সঙ্গে বিশাল অঙ্কের চুক্তি করেছে কোম্পানিটি। ‘প্রোজেক্ট কুইপার’ নামের যৌথ এ প্রকল্পে আগামী পাঁচ বছরে ৮৩টি স্যাটেলাইট উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে একটি চুক্তি হয়েছে অ্যামাজন প্রধান জেফ বেজোস মালিকানাধীন ‘ব্লু অরিজিন’-এর সঙ্গে।

স্যাটেলাইট ব্যবহার করে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ বাড়ানোর এ প্রতিযোগিতা দিনের পর দিন তীব্র হচ্ছে। আর এখানে এখন পর্যন্ত অন্যদের তুলনায় এগিয়ে রয়েছে স্পেসএক্স। প্রোজেক্ট কুইপারের প্রথম দুই স্যাটেলাইটের প্রোটোটাইপ এ বছরের শেষ নাগাদ উৎক্ষেপণের কথা প্রতিবেদনে উল্লেখ করেছে।

‘অ্যামাজন তিনটি চুক্তিতেই শত শত কোটি ডলার খরচ করছে। এটি নভোযান উৎক্ষেপণের ইতিহাসে সবচেয়ে বড় বাণিজ্যিক চুক্তি।’ অ্যামাজন ২০২৬ সালের মধ্যে অন্তত ১ হাজার ৬০০টির বেশি স্যাটেলাইট স্থাপন করতে পারবে।

এ চুক্তিতে রয়েছে: আরিয়েনস্পেসের ছয়টি আরিয়েন রকেটে ১৮টি স্যাটেলাইট উৎক্ষেপণ, ব্লু অরিজিনের নিউ গ্লেন রকেটে ১২টি উৎক্ষেপণ, যেখানে ১৫টি অতিরিক্ত উৎক্ষেপণের সুযোগ আছে এবং ইউনাইটেড লঞ্চ অ্যালায়েন্স (ইউএলএ)-এর ভালকান সেন্টর রকেটে ৩৮টি উৎক্ষেপণ। লকহিড মার্টিন করপোরেশন এবং বোয়িং কোম্পানির যৌথ উদ্যোগে কার্যক্রমটি পরিচালিত হবে।

‘এটি আরিয়েনস্পেসের ইতিহাসে সবচেয়ে বড় স্বাক্ষরিত চুক্তি’-বলেছেন আরিয়েনগ্রুপ প্রধান আন্দ্রে-হুবার্ত রুসেল। ‘এটি আড়াই বছর দীর্ঘ আলোচনার ফলাফল।’ অবশ্য আর্থিক লেনদেনের তথ্য দিতে অস্বীকৃতি জানিয়েছেন রুসেল। তবে, ২০২৪ থেকে ২০২৭ সালের মধ্যে উৎক্ষেপণ বাস্তবায়নের বিষয়টি রয়টার্সকে জানিয়েছেন তিনি। প্রোজেক্ট কুইপারের লক্ষ্য, পৃথিবীর নিু কক্ষপথে তিন হাজার স্যাটেলাইট স্থাপন করে দ্রুতগতির ইন্টারনেট গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া। পারিবারিক, বাণিজ্যিক এবং সরকারি সংস্থাগুলো এদের সম্ভাব্য গ্রাহক।

জামিনে মুক্তি পেলেন ইভ্যালির চেয়ারম্যান

গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগার থেকে মুক্তি পেয়েছেন ইভ্যালির চেয়ারম্যান শামীমা নাসরিন। বুধবার বিকাল পৌনে ৬টার দিকে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্তি পান।

কারাগারের সিনিয়র জেল সুপার হালিমা খাতুন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ধানমন্ডি থানার এক মামলায় গত ২১ সেপ্টেম্বর থেকে তিনি গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে ছিলেন। তার জামিন সংক্রান্ত কাগজপত্র মঙ্গলবার কারাগারে এসে পৌঁছালে যাচাই-বাছাই শেষে বুধবার বিকাল ৫টা ৫০ মিনিটে তাকে কারামুক্ত করা হয়।

এর আগে গত ১৮ সেপ্টেম্বর গ্রাহকের অর্থ আত্মসাতের অভিযোগে ধানমন্ডি থানায় মো. কামরুল ইসলাম নামে এক ব্যবসায়ী মামলা করেন। ওই মামলায় তিনি উল্লেখ করেন, ইভ্যালির ধানমন্ডি কার্যালয়ে তিনি ৩৫ লাখ টাকা মূল্যের পণ্য সরবরাহ করেছেন। কিন্তু ইভ্যালি তার পাওনা টাকা পরিশোধ করেনি। কামরুল ইসলামের করা মামলায় তাকে ধানমন্ডি থানায় গ্রেফতার দেখানো হয়।

৩০ মিনিটেই সাড়ে ১০ হাজার কোটি টাকার তরঙ্গ বিক্রি

মাত্র ৩০ মিনিটেই সাড়ে ১০ হাজার কোটি টাকারও বেশি তরঙ্গ বিক্রি করেছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা (বিটিআরসি)। বিটিআরসির ফাইভজি সেবার তরঙ্গ নিলাম বৃহস্পতিবার বেলা ১১টা ৩০ মিনিটে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে শুরু হয়।

দুপুর ১২টার মধ্যেই ১০ হাজার ৬৪১ কোটি টাকা মূল্যের তরঙ্গ বিক্রি হয়ে গেছে।

প্রথম রাউন্ডে টেলিটক ১ হাজার ৬৮০ কোটি টাকায় ৩০ মেগাহার্টজ তরঙ্গ ক্রয় করেছে। ২৩০০ ব্র্যান্ডের এই তরঙ্গ ক্রয় করেছে টেলিটক।

রবি আজিয়াটা ২৬০০ ব্র্যান্ডের ৬০ মেগাহার্টজ তরঙ্গ ক্রয় করেছে। এর দাম তিন হাজার ৩৬০ কোটি টাকা।

গ্রামীণফোন ২৬০০ ব্র্যান্ডের ৬০ মেগাহার্টজ তরঙ্গ ৩৩৬০ কোটি টাকায় কিনেছে।

আর বাংলালিংক ২৩০০ ব্র্যান্ডের ২২৪১ কোটি ৪০ মেগাহার্টজ তরঙ্গ কিনেছে।

২৩০০ ব্র্যান্ডের ১৯০ মেগাহার্টজ তরঙ্গ বিক্রি সম্পন্ন হয়েছে। আজ আর মাত্র ৩০ মেগাহার্টজ তরঙ্গ নিলাম বাকি আছে। বাংলালিংক ও টেলিটক এই তরঙ্গ কিনতে পারবে। গ্রামীণফোন ও রবি আজিয়াটা সর্বোচ্চ ৬০ মেগাহার্টজের তরঙ্গ ইতোমধ্যে কিনে ফেলেছে।

বিটিআরসি আগেই জানিয়েছিল যে, আজ ২২০ মেগাহার্টজ তরঙ্গ বিক্রির নিলাম হবে। এ নিলামে গ্রামীণফোন, বাংলালিংক, রবি আজিয়াটা ও টেলিটক অংশ নিচ্ছে। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠান বিটিআরসি এ নিলামের আয়োজন করেছে।

দেশে চতুর্থ প্রজন্মের মোবাইল প্রযুক্তি (ফোরজি) এবং পঞ্চম প্রজন্মের মোবাইল প্রযুক্তি (ফাইভজি) সেবা চালু করতে চলছে

বিটিআরসির তরঙ্গ নিলাম।

টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার, বিটিআরসির চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সেক্টরের সংশ্লিষ্ট কর্মকর্তারা এতে অংশ নিয়েছেন।

বিটিআরসি জানিয়েছে, আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে সময়োপযোগী, অর্থনৈতিকভাবে গ্রহণযোগ্য ও কারিগরিভাবে বাস্তবসম্মত উপায়ে বাংলাদেশে ফাইভজি সেবা চালুর জন্য ২.৩ গিগাহার্জ, ২.৬ গিগাহার্জট ও ৩.৫ গিগাহার্জ—এই তিনটি নির্ধারণ করা হয়েছে।

এই ব্র্যান্ডের তরঙ্গ প্রযুক্তি নিরপেক্ষ হওয়ায় ফাইভজি, ফোরজি, থ্রিজি ও টুজিতেও ব্যবহার করা যাবে।

বিটিআরসি আশা করছে, এই তরঙ্গ নিলামের মাধ্যমে সরকারের উল্লেখযোগ্য আয়ের পাশাপাশি বিদ্যমান মোবাইল ফোরজি সেবা সম্প্রসারণ ও এর মানোন্নয়ন এবং বাংলাদেশে মোবাইল ফাইভজি সেবা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

রমজানে ইবাদত সহায়ক অ্যাপ

বছরঘুরে আবারও দরজায় কড়া নাড়ছে মুসলিম ধর্মাবলম্বীদের ইবাদতের অন্যতম মাস মাহে রমজান। এ সময় ধর্মপ্রাণ মুসলমানরা নানা রকম ইবাদত যেমন, রোজা রাখা, সেহরি করা, ইফতার, বিভিন্ন দোয়া পড়া, কুরআন তেলাওয়াতসহ আরও বিশেষ আমল করে থাকেন। এসব ইবাদতে সহায়ক হতে পারে মোবাইল অ্যাপ। গুগল প্লে স্টোরে এমন অনেক অ্যাপ রয়েছে যেগুলো সেহরি, ইফতারের সময় জানিয়ে দেবে। জানা যাবে রমজানের ফজিলত, রোজা রাখার নিয়তসহ বেশকিছু দোয়া। কয়েকটি অ্যাপ নিয়ে বিস্তারিত লিখেছেন- সাইফ আহমাদ

মাহে রমজান ২০২২

রমজানের যেসব অ্যাপ রয়েছে তার মধ্যে মাহে রমজান ২০২২ অ্যাপটিতে হিজরি ১৪৪৩ হিজরি সালের রমজানের সময়সূচি দেওয়া আছে। সেখানে বিভিন্ন দোয়া ও রোজার নিয়ত দেওয়া আছে। রয়েছে পবিত্র কুরআনসহ

আল্লাহর ৯৯টি নাম ও তার অর্থ। চাইলে অ্যাপ থেকেই যে কেউ তসবিহ গুনতে পারবেন। সেটিংস থেকে আপনি কোনো জেলার সময়সূচি জানতে চান সেটিও নির্বাচন করা যাবে। অ্যাপটি সেহরি ও ইফতারের আগে ব্যবহারকারীকে নোটিফিকেশন দেবে। ১১ মেগাবাইট সাইজের ৪.৬ রেটিং প্রাপ্ত অ্যাপটি এ ঠিকানা থেকে (shorturl.at/bpNU6) ডাউনলোড করা যাবে।

মুসলিম’স ডে

গুগল প্লে স্টোরের ২০১৫ সাল থেকে মুসলিমস ডে অ্যাপটি রয়েছে। শুরুতে অ্যাপের নাম ছিল App Of Ramadan. পরবর্তীতে ওই নামটি পরিবর্তন করে Muslims Day করা হয়। এ অ্যাপটি সব ধরনের আপত্তিকর ও অশালীন বিজ্ঞাপনমুক্ত।

অ্যাপটিতে রয়েছে রমজান মাসের সেহরি, ইফতারের ক্যালেন্ডার, সেহরি ও ইফতারের কাউন্টডাউন টাইমার। পাঁচ ওয়াক্ত ফরজ নামাজের সময়সূচি। রয়েছে নামাজের কাউন্টডাউন টাইমার। এ ছাড়াও ৪.৯ রেটিং পাওয়া এ অ্যাপটি সাজানো হয়েছে-দৈনন্দিন জীবনে ব্যবহৃত অনেক দুআ-সমসাময়িক বিষয়বস্তু নিয়ে আর্টিকেল-নির্ভরযোগ্য আলেমদের গবেষণালব্ধ মাসআলা-সুন্নাহসম্মত (মাসনূন) আমল-সমাজে প্রচলিত ভুল ও কুসংস্কারসহ মুসলিম সম্প্রদায়ের জন্য প্রয়োজনীয় নানা বিষয় নিয়ে। বিশ্বের যে কোনো স্থান থেকে অ্যাপটি চালু করলেই ওই স্থানের পাঁচ ওয়াক্ত নামাজের সময়, নফল নামাজের সময় ও সেহরি ও ইফতারের সময়সহ সবকিছু হোম পেজেই প্রদর্শিত হবে। ইউজারকে শুধু একবারের জন্য জিপিএস লোকেশন চালু করতে হবে। এ ঠিকানা (shorturl.at/jptC3) অ্যাপটি ডাউনলোড করা যাবে।

রমজানের আমল ও ফজিলত

এই অ্যাপটিতে পবিত্র রমজানের ৩০ দিনের আমল ও ফজিলত সম্পর্কে বিস্তারিত পাওয়া যাবে। এখানে পাওয়া যাবে মুসাফির ও অসুস্থ ব্যক্তির রোজা পালনের নিয়মসহ আরও নানা বিষয়ের মাসলা মাসায়েল। প্লে-স্টোরে ৪.৬ রেটিং পাওয়া ৫.৭ মেগাবাইটের এ অ্যাপটি ইতোমধ্যেই ৫ হাজারের বেশি ডাউনলোড হয়েছে। এখান (shorturl.at/cpKX6) থেকে অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করা যাবে।

মাহে রমজান অ্যাপ

মাহে রমজান অ্যাপ ২০২২ একটি ফ্রি অ্যাপ। এ অ্যাপের মধ্যে রয়েছে

রমজান ২০২২-এর সেহরি এবং ইফতারের সময়সূচি। অ্যাপে যেসব ফিচার রয়েছে তার মধ্যে অন্যতম- * বাংলাদেশের ৮ বিভাগের রমজানের সময়সূচি
* সেহরি এবং ইফতারের দোয়া * কিবলা কম্পাস * তারাবির সালাতের নিয়ম।

এ ছাড়াও বিশেষ একটি ফিচার রয়েছে যা সচরাচর অন্য অ্যাপে পাওয়া যায় না সেটি হলো-জাকাত ক্যালকুলেটর। এর মাধ্যমে সহজেই জাকাতের হিসাব করে নিতে পারবেন। আধুনিক ইউজার ইন্টারফেস থাকায় অ্যাপটি ব্যবহারে স্বাচ্ছন্দ্যবোধ করবেন রমজান ইবাদতকারীরা। এখান (shorturl.at/lJTXY) থেকে অ্যাপটি ডাউনলোড করা যাবে।